



যুক্তরাষ্ট্রের শুল্ক কমানোতে স্বস্তি, তবে সুযোগ-সুবিধার বিবরণ জানতে হবে: আমীর খসরু মাহমুদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বর্ধিত শুল্ক হ্রাসের সিদ্ধান্ত ব্যবসায়ীদের জন্য স্বস্তিদায়ক হলেও, এই সিদ্ধান্তের পেছনে বাংলাদেশকে কী কী সুবিধা দিতে হয়েছে, তা স্পষ্টভাবে জানা জরুরি।

শুক্রবার (১ আগস্ট) এক সমাবেশের শেষে দেয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, “প্রতিযোগী দেশগুলোর তুলনায় আমাদের জন্য বর্তমান ট্যারিফ কাঠামো তুলনামূলকভাবে সন্তোষজনক। তবে শুধুই শুল্ক কমানোর বিষয়ে আলোচনা হয়নি—সেইসঙ্গে যুক্তরাষ্ট্রের বিভিন্ন দাবি-দাওয়ার বিষয়েও আলোচনা হয়েছে। তাই এই চুক্তির পূর্ণ বিবরণ জানা ছাড়া মন্তব্য করা উচিত নয়।”

তিনি আরও বলেন, “এই ট্যারিফ হ্রাসের ফলে আপাতত পণ্য রপ্তানিতে কোনও বড় ধরনের বাধা তৈরি হবে না। এতে রফতানিকারকরা কিছুটা স্বস্তি পাবেন। তবে এটিকে জয় বা পরাজয়ের দৃষ্টিভঙ্গিতে দেখা সঠিক হবে না।”

LENS ASIA